

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩- ২২৫

তারিখঃ ১৫/০৩/২০২৩খ্রিঃ

অফিস আদেশ

জনাব মোঃ শফিকুল ইসলাম, পিতা: মোঃ আফছার উদ্দিন, গ্রাম: বাহাদুরপুর, ডাকঘর: গুনাকরকাঠি, থানা: আশাশুনি জেলা-সাতক্ষীরা বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পে বিগত ৩০/১২/২০১২ তারিখে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে যোগদান করেন। পরবর্তীতে প্রকল্প মেয়াদান্তে স্মারক নং ৭৯ তারিখ: ০২/০৮/২০১৮ মূলে জারিকৃত আদেশ বলে শর্ত স্বাপেক্ষে কর্মসূচিতে স্থানান্তরিত হয়ে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।


২। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলায় সমিতির সদস্যদের নিকট থেকে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না করে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করায় প্রাথমিকভাবে স্মারক নং ৪১৫ তারিখ: ০৮/০৮/২০২২ খ্রিঃ মূলে সাময়িক বরখাস্ত করে পিরোজপুর জেলা দপ্তরে সংযুক্ত করা হয় এবং সংযুক্তকৃত কর্মস্থলে বিগত ০৯/০৮/২২ হতে ০৭/০২/২৩ তারিখ পর্যন্ত অর্থাৎ ১৮৩ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি প্রমানিত;

৩। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলার আঞ্জুলকাটা পশ্চিমপাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির ৪ জন সদস্যের মোট ১০০৩৩০.০০ (এক লক্ষ তিনশত ত্রিশ) টাকা আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলে অবগত হওয়ার পর উক্ত অর্থ জমা প্রদানের বিষয়টি প্রমানিত।

৪। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) তাঁর পূর্ববর্তী কর্মস্থল কালিগঞ্জ, সাতক্ষীরা কর্মকালীন বিভিন্ন সুফলভোগী সদস্যদের বিপরীতে ঋণের অর্থ বাবদ ৫,৩৯,০০০.০০ (পাঁচ লক্ষ উনচল্লিশ হাজার) টাকা নিজে গ্রহণের বিষয়টি লিখিতভাবে স্বীকার করে ভবিষ্যতে এ ধরনের কাজে সম্পৃক্ত হবেন না মর্মে অঙ্গীকার করা সত্ত্বেও পুনরায় মঠবাড়িয়া, পিরোজপুর উপজেলায় সমিতির সদস্যদের নিকট থেকে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না করে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করেন; আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করা তার নিয়মিত অভ্যাসে পরিণত হওয়ার বিষয়টি প্রমানিত। তাছাড়া তার এ ধরনের কার্যকলাপের কারণে বর্তমানে কালিগঞ্জ উপজেলায় ৪৬.২২ লক্ষ টাকা কিস্তি খেলাপী ও ৬২.০৫ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ ঋণ রয়েছে।

৫। যেহেতু, জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ এর অনুচ্ছেদ ২৪ (খ, ঘ, ঙ ও জ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন এবং আত্মসাতের উদ্দেশ্যে অর্থ হস্তমজুদ এর দায়ে দোষী ;

সেহেতু, এক্ষনে জনাব মোঃ শফিকুল ইসলাম, পিতা: মোঃ আফছার উদ্দিন, গ্রাম: বাহাদুরপুর, ডাকঘর: গুনাকরকাঠি, থানা: আশাশুনি জেলা-সাতক্ষীরা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) - কে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ এর অনুচ্ছেদ ২৪(খ, ঘ, ঙ ও জ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন ও আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদের দায়ে দোষী সাব্যস্ত করে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অনুচ্ছেদ ২৫ খ(১) মোতাবেক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হলো।


মোহাম্মদ শাহিনুর আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩-২২৫


তারিখঃ ১৫/০৩/২০২৩খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. জনাব মোঃ শফিকুল ইসলাম, পিতা: মোঃ আফছার উদ্দিন, গ্রাম: বাহাদুরপুর, ডাকঘর: গুনাকরকাঠি, থানা: আশাশুনি জেলা-সাতক্ষীরা (সাময়িক বরখাস্তকৃত এআরডিও, ইরেসপো, বিআরডিবি)
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর।
৫. অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মুহাম্মদ মাহবুব আলম
উপ প্রকল্প পরিচালক